

ঢাকা বিশ্ববিদ্যালয়  
গার্হস্থ্য অর্থনীতি ইউনিট ভর্তি পরীক্ষা

তারিখঃ ২৮/০৭/১৪২৬ বঙ্গাব্দ  
১২/১১/২০১৯ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি: ১

গার্হস্থ্য অর্থনীতি ইউনিট ভর্তি: ২০১৯-২০২০

গত ০৮ নভেম্বর ২০১৯ তারিখ শুক্রবার অনুষ্ঠিত ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির গার্হস্থ্য অর্থনীতি ইউনিটের ভর্তি পরীক্ষার ফলাফল অদ্য ১২/১১/২০১৯ তারিখ মঙ্গলবার প্রকাশ করা হয়েছে। ফলাফল [admission.eis.du.ac.bd](http://admission.eis.du.ac.bd) ওয়েব সাইট থেকে জানা যাবে। এছাড়া গ্রামীণফোন ব্যতীত অন্য যে কোন অপারেটরের মোবাইল ফোন থেকে du<>goc<>roll টাইপ করে 16321 নম্বরে send করলে ফিরতি SMS এর মাধ্যমে ফলাফল জানা যাবে।

নিম্নলিখিত বিষয়গুলোর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

- ১। প্রকাশিত গার্হস্থ্য অর্থনীতি ইউনিটের ভর্তি পরীক্ষার (ফলাফল) উত্তরপত্র নিরীক্ষার জন্য কোনো প্রার্থী আগ্রহী হলে ১০০০/- (এক হাজার) টাকা নিরীক্ষা ফিস অগ্রণী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় 'গার্হস্থ্য অর্থনীতি ইউনিট' শিরোনামে চলতি হিসাব নং-০২০০০০৩২৮৮১৩৩-তে জমা দিয়ে টাকা জমার রসিদ, ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের অনুলিপিসহ 'ডিন, জীববিজ্ঞান অনুষদ এবং সমন্বয়কারী, গার্হস্থ্য অর্থনীতি ইউনিট ভর্তি: ২০১৯-২০২০, ঢাকা বিশ্ববিদ্যালয়' এর বরাবরে নির্ধারিত ফর্মে আগামী ১৯/১১/২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদন করতে হবে। নিরীক্ষার ফলে প্রার্থীর অর্জিত নম্বরের পরিবর্তন হলে নিরীক্ষা ফি ফেরত দেয়া হবে এবং মেধা তালিকায় প্রয়োজনীয় সংশোধন করে নেয়া হবে। এতদসংক্রান্ত ফলাফল আগামী ২১/১১/২০১৯ তারিখে অনুষদ অফিসে প্রকাশ করা হবে।
- ২। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ মুক্তিযোদ্ধা, উপজাতি, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (বাক, দৃষ্টি ও শ্রবণ) এবং খেলোয়ার (শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে এইচ.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ) কোটায় ভর্তি হতে আগ্রহী প্রার্থীদেরকে ১৯/১১/২০১৯ থেকে ২৭/১১/২০১৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কোটার ফরম জীববিজ্ঞান অনুষদের ডিন অফিস হতে সংগ্রহ করে উক্ত সময়সীমার মধ্যে যথাযথভাবে পূরণ করে অফিস চলাকালীন সময়ে অনুষদের ডিন অফিসে জমা দিতে হবে।
- ৩। ফলাফল বাতিলের কারণ/পরীক্ষায় অনুপস্থিত ইত্যাদি বিষয়ে জানতে আগ্রহী প্রার্থীগণ আগামী ১৯/১১/২০১৯ তারিখের মধ্যে 'ডিন, জীববিজ্ঞান অনুষদ এবং সমন্বয়কারী, গার্হস্থ্য অর্থনীতি ইউনিট ভর্তি: ২০১৯-২০২০, ঢাকা বিশ্ববিদ্যালয়' এর বরাবরে দরখাস্ত লিখে জীববিজ্ঞান অনুষদের ডিনের অফিসে জমা দিতে হবে। দরখাস্তের সাথে ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের অনুলিপি জমা দিতে হবে। এসকল প্রার্থীকে কোনরূপ ফিস প্রদান করতে হবে না। এ সংক্রান্ত ফলাফল আগামী ২১/১১/২০১৯ তারিখে জীববিজ্ঞান অনুষদ অফিসে প্রকাশ করা হবে।
- ৪। ভর্তি হতে আগ্রহী ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ সকল প্রার্থীকে আগামী ১৯/১১/২০১৯ থেকে ২৭/১১/২০১৯ তারিখের মধ্যে ওয়েবসাইটে Choice Form পূরণ করে সাবমিট করতে হবে। উক্ত সময়ের পরে এতদসংক্রান্ত বিষয়ে করণীয় বিজ্ঞপ্তির মাধ্যে জানিয়ে দেয়া হবে। প্রার্থীকে নিজ দায়িত্বে অনুষদের নোটিশ বোর্ড অথবা ওয়েবসাইটের মাধ্যমে তা জেনে নিতে হবে।

স্বাক্ষরিত/-

অধ্যাপক ড. মো: ইমদাদুল হক

ডিন, জীববিজ্ঞান অনুষদ এবং

সমন্বয়কারী গার্হস্থ্য অর্থনীতি ইউনিট ভর্তি: ২০১৯-২০২০

ঢাকা বিশ্ববিদ্যালয়

## ঢাকা বিশ্ববিদ্যালয় গার্হস্থ্য অর্থনীতি ইউনিট

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে কলেজ ও শাখা ভিত্তিক আসন সংখ্যা এবং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা

ক্রম	কলেজের নাম	বিজ্ঞান	বাণিজ্য	মানবিক	গার্হস্থ্য অর্থনীতি	মোট আসন
১	গার্হস্থ্য অর্থনীতি কলেজ, আজিমপুর	৬৬৯	১৭৫	১২৫	৩১	১০০০
২	বাংলাদেশ গার্হস্থ্য অর্থনীতি কলেজ, গ্রীণরোড	৩৩০	১৩০	৯০	--	৫৫০
৩	ন্যাশনাল কলেজ অব হোম ইকোনমিক্স, লালমাটিয়া	৩৩০	১৩০	৯০	--	৫৫০
৪	ময়মনসিংহ গার্হস্থ্য অর্থনীতি কলেজ, ময়মনসিংহ	৬০	৩০	১০	--	১০০
৫	আকিজ কলেজ অব হোম ইকোনমিক্স, ধানমন্ডি	১৬৫	৬৫	৪৫	--	২৭৫
	মোট	১৫৫৪	৫৩০	৩৬০	৩১	২৪৭৫
	ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা	৩৬৫৬	১৩৪৬	১৯১৫	৩১	৬৯৪৮